# তালা উপজেলা পরিষদের মে/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ঘোষ সনৎ কুমার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তালা, সাতক্ষীরা

সভার তারিখ : ৩০/০৫/২০২১

সভার সময় : সকাল ১১.৩০ ঘটিকা

সভার স্থান : নিজ নিজ কার্যালয় হতে Zoom Cloud Meeting App এর মাধ্যমে

সভার শুরুতে উপজেলা চেয়ারম্যান সভায় সংযুক্ত সকলকে শুভেচ্ছা জানান এবং উপজেলার সার্বিক উন্নয়নের জন্য সহযোগিতা কামনা করেন। অতঃপর উপজেলা পরিষদের সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার বিধি মোতাবেক জুম মিটিয়ের মাধ্যমে সভার কাজ শুরু করেন। গত সভার কার্যবিবরণী পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করা হয়।

০১| **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও** দৃঢীকরণ **:**

সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন ও বিয়োজন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতক্রমে দৃঢীকরণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনা করা হয়।

০২| বিভাগীয় আলোচনা :

উপজেলা প্রকৌশল বিভাগ :

(ক) এডিপি বিভাজন : সভায় উপজেলা প্রকৌশলীকে জানান যে, ২০২০-২১ সালের এডিপি প্রকল্পের আওতায় মোট ১৫,২৯,৬৯০.০০ টাকা বরাদ্দ পাওয়া গেছে। কর্তৃপক্ষের সাথে আলোচনা করে নিম্নাকারে উক্ত অর্থ বিভাজন করা হয়েছে।

## ২০২০-২১ সালের এডিপি প্রকল্পের আওতায় প্রাপ্ত স্কীমের তালিকা ঃ অতিরিক্ত বরাদ্দ

| ক্রঃ | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমান | বাস্তবায়নের ধরণ |
|---|---|---|---|
| ১ | তালা উপজেলা পরিষদের সামনে ড্রেন ও মসজিদে যাওয়ার রাস্তা নির্মাণ। | ১,২০,০০০.০০ | RFQ |
| ২ | নাংলা হামিউর সুন্নাহ এতিমখানা ও লিল্লাহ বোর্ডিং এ ঘর প্লাষ্টারকরণ | ৫০,০০০.০০ | |
| ৩ | দক্ষিণ পশ্চিম আটারই ইদগাহের কালভার্ট হতে মোড়লপাড়া রাস্তার অবশিষ্ট ১৪০ ফুট রাস্তা ইটের সোলিং | ৬০,০০০.০০ | |
| ৪ | ইসলামকাটি মজুমদার পাড়া লক্ষণ মজুমদারের বেড় হতে ডাক্তার নারায়ণ স্যান্নালের বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিংকরণ। | ৪০,০০০.০০ | |
| | | **২,৭০,০০০.০০** | |
| ৫ | বাউখোলা মান্নান মাষ্টারের বাড়ি হতে মান্নাফ মুক্তিযোদ্ধার বাড়ি পর্যন্ত পুকুর প্যালাসাইডিং ও ইটের সোলিং নির্মাণ | ১,০০,০০০.০০ | RFQ |
| ৬ | পূর্ব দোহার মসজিদের সামনে বিএফএস রাস্তার পার্শ্বে ড্রেন নির্মাণ | ৭০,০০০.০০ | |
| ৭ | ফতেপুর দীলিপ দাসের বাড়ির পাশে ইটের সোলিং রাস্তার মাথা থেকে জনবহুল জলের ফিল্টার পর্যন্ত ইটের সোলিং। | ১,০০,০০০.০০ | |
| ৮ | জাতপুর মোসলেম উদ্দিন মোড়লের বাড়ি হতে জাতপুর বাজার জামে মসজিদ পর্যন্ত রাস্তা ইটের সোলিংকরণ। | ৮০,০০০.০০ | |
| ৯ | তালা আতাহার বকসীর বাড়ি হতে জব্বারের বাড়ি অভিমুখে পুকুরে প্যালাসাইডিং | ৬০,০০০.০০ | |
| | | **৪,১০,০০০.০০** | |
| ১০ | তালা হাসপাতাল চত্বরে রোগীদের বসার জন্য আরসিসি বেঞ্চ নির্মাণ ও তালা টিএন্ডটি অফিসের সামনে মেইন রাস্তায় কালভার্ট নির্মাণ | ৪,০৪,০০০.০০ | |
| ১১ | তদারকি ও আনুষঙ্গিক ব্যয় | ৪৫,৬৯০.০০ | |

**স্কীম তালিকার মধ্যে প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) মাধ্যমে বাস্তবায়িতব্য স্কীমের অনুকুলে দাখিলকৃত পি আই সি নিম্নরুপ ঃ**

| ক্র নং | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমান | পিআইসি চেয়ারম্যান | বাস্তবায়নের ধরণ |
|---|---|---|---|---|
| ১ | ধানদিয়া ইউনিয়নের ২নং ওয়ার্ডে মানিকহার গ্রামে রেজাউল মাষ্টারের বাড়ির পার্শ্ব হতে আশুতোষ দাসের বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিংকরণ। | ১,০০,০০০.০০ | শেখ আজিজুল ইসলাম ইউপি, কুমিরা | **পিআইসি** |
| ২ | কুমিরা ৬নং ওয়ার্ডে কপোতাক্ষ নদীর তীরে কালভার্ট নির্মাণ | ১,০০,০০০.০০ | | |
| ৩ | সোনাবাধল ব্রীজের পার্শ্বে পিচের রাস্তা হতে জনবহুল জলের ফিল্টার পর্যন্ত ইটের সোলিং করণ। | ১,০০,০০০.০০ | প্রভাষক রাজীব হোসেন চেয়ারম্যান, ১০নং খেশরা ইউপি | **পিআইসি** |
| ৪ | তেতুলিয়া সমীর গাজীর বাড়ি হতে নাজমুল মাষ্টারের বাড়ি পর্যন্ত রাস্তায় ইটের সোলিং | ৪০,০০০.০০ | মুরশিদা পারভীন পাপড়ি, উপজেলা মহিলা ভাইস চেয়ার্ম্যান | **পিআইসি** |
| ৫ | খেশরা ইউনিয়নে সাহাপুর আব্বাস সরদারের বাড়ি হতে শামীম খানের বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিংকরণ। | ৬০,০০০.০০ | | |

৩। (ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, (১)তালা উপজেলায় ২০২০-২১ অর্থবছরে নৃ-গোষ্ঠীভুক্ত জনগণের জন্য ৫টি ঘরের বরাদ্দ পাওয়া যায়। এ সংক্রান্ত গঠিত কমিটির মাধ্যমে ইতোমধ্যে নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। অচিরেই ঘরগুলি উপকারভোগীদের মাঝে হস্তান্তর করা হবে।

(২) তিনি আরও বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে "ক"-শ্রেণির গৃহহীনদের জন্য ১ম পর্যায়ে ১২৫টি ঘরের বরাদ্দ পাওয়া যায়। যে ঘরগুলির নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ২য় পর্যায়ে ৭০টি ঘরের বরাদ্দ পাওয়া যায়। উক্ত ঘরগুলির মধ্যে ৫০টি ঘরের নির্মাণ কাজও ইতোমধ্যে সঠিক ও মানসম্মতভাবে সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ২০টি ঘরের কাজ নির্মানাধীন।

(৩) এ ছাড়া ২০২০-২১ অর্থবছরে টিআর প্রকল্পের জন্য ২৮,৮৯,৬৬৬/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। যার বিপরীতে ৪৮টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। কাবিটা সাধারণ প্রকল্পের অনুকূলে ৩৪,০৭,৫১৩/০২ টাকা বরাদ্দ পাওয়া গেছে। যার বিপরীতে ১৬টি প্রকল্প গ্রহণ করার হয়েছে। এ ছাড়া মাননীয় সংসদ সদস্য মহোদয়ের অনুকূলে বিশেষ কাবিখা বাবদ ৩০,৩৯,৮৬৭/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ দ্বারা ১৫টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। সাধারণ টিআর বাবদ ২৬,৭৩,৭৭১/৪৫ টাকা বরাদ্দ পাওয়া গেছে। যার অনুকূলে ৩৬টি প্রকল্প হাকে নেয়া হয়েছে। তা ছাড়া ইজিপিপি এর প্রাপ্ত বরাদ্দ ৩,০৫,৮৬,৮৬৪/- টাকার বিপরীতে ১০৮টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের কাজ চলমান। সভায় তিনি আরও বলেন, ঘূর্ণিঝড় ইয়াসে খেশরা ইউনিয়নের টিআরএম বাঁধ ক্ষতিগ্রস্থ হওয়ার বিষয়ে ডি ফরমে ক্ষতির পরিমাণ জেলা প্রশাসক, সাতক্ষীরাকে অবহিত করা হয়েছে। খেশরা ও জালালপুরে ইজিপিপির লোকজন দিয়ে আপাতত: রাস্তা/বাঁধ মেরামত কাজ করানো হচ্ছে। তার অফিসে ইজিপিপিসহ অন্য যে কোন প্রকল্পের কাজের বিল দাখিল করলে বিল প্রদানের ব্যবস্থা নেয়া হচ্ছে। এ ছাড়া তার বিভাগের অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।

বিষয়ে সভায় আলোচোনা করা হয় এবং বিধি মোতাবেক সকল প্রকল্পের কাজ যথাসময়ে সমাপ্ত করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তালা

(খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তালা জানান যে, নৃ-গোষ্ঠীর ছেলেমেয়েদের মাঝে শিক্ষাবৃত্তি, শিক্ষা উপকরণ এবং বাইসাইকেল ক্রয় করা হয়েছে। এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্যবৃন্দকে অনুরোধ করেন। এ ছাড়া তিনি আরও বলেন, অনলাইন ক্লাসের ডাটা তৈরির কাজ চলছে। শিক্ষা প্রতিষ্ঠানে পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান চলমান রয়েছে। বঙ্গবন্ধু গোল্ডকাপ টুর্ণামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা গোল্ডকাপ টুর্ণামেন্ট ( অনুর্ধ-১৭) চলমান। এ ছাড়া দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নেই।

(গ) উপজেলা শিক্ষা বিভাগ : উপজেলা শিক্ষা অফিসার, তালা জানান যে, নৃ-গোষ্ঠীর ছেলেমেয়েদের মাঝে শিক্ষাবৃত্তি এবং শিক্ষা উপকরণ বিতরণের লক্ষ্যে গঠিত কমিটির মাধ্যমে শিক্ষা উপকরণ ও বাইসাইকেল ক্রয় করা হয়েছে। এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।

(ঘ) উপজেলা মহিলা বিষয়ক দপ্তর :

আলোচনা : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, আইজিএ-এর ৫০ টি মেয়ের ট্রেইনিং চলছে। কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান আছে। প্রতি ইউনিয়নে মাতৃত্বভাতা প্রদানের জন্য অতিরিক্ত ৭ জনের বরাদ্দ পাওয়া গেছে। ভিজিডি জুন মাসের মধ্যেই বিতরণ করা হবে। এ ছাড়া তিনি ইসলামকাটি ইউনিয়নের ট্যাগ অফিসারের দায়িত্ব পালন করছেন। অফিসের অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।

(ঙ) কৃষি বিভাগ :

আলোচনা : উপজেলা কৃষি কর্মকর্তা বলেন যে, কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় এগ্রি-অটোমেটিক ওয়েদার স্টেশন স্থাপনের জন্য তালা উপজেলা পরিষদের অভ্যন্তরে ২০ ফুট ঔ ২০ ফুট=৪০০ বর্গফুট জায়গা বরাদ্দ করা প্রয়োজন। প্রস্তাবিত স্থানটি নেট দিয়ে ঘেরা থাকবে এবং এর ৫০ মিটারের মধ্যে কোন উঁচু ভবন ও সর্বনিম্ন ১০ মিটারের মধ্যে উচ্চ ভোল্টের কোন বিদ্যুৎ সংযোগ থাকা যাবে না। প্রস্তাবটি পাস হলে রেজুলেশনের কপি মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকায় প্রেরণ করতে হবে।

তা ছাড়া তার দপ্তরে উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা হিসেবে একজন মহিলা কর্মকর্তা যোগদান করেছেন। সে কারণে তার অফিসে টয়লেট নির্মাণের বিষয়টি ত্বরান্বিত করার জন্য তিনি প্রকল্প কমিটিকে পুণরায় অনুরোধ করেন। এ ছাড়া ভর্তুকিমূল্যে কৃষকদের মাঝে বিভিন্ন দ্রব্যাদি বিক্রয় করা হচ্ছে। অফিসের অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।

(চ) আমার বাড়ি আমার খামার বিভাগ :

আলোচনা : উপজেলা সমন্বয়কারী বলেন যে, তার অফিস ভবনটি দ্বিতল ভবন নির্মাণ করার লক্ষে আমার বাড়ি আমার খামার ( ৩য় সংশোধিত) প্রকল্পের আওতায় ১০,০০,০০০ টাকা বরাদ্দ পাওয়া গেছে। এ বিষয়ে গঠিত কমিটির গত ২/৫/২১ তারিখে সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত ভবনটি আরএফকিউ পদ্ধতি অনুসরন করে বিধি মোতাবেক কাজটি সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে গঠিত কমিটির তত্বাবধায়নে বিধি মোতাবেক দরপত্র আহবান করা হয়। বিষয়ে ধার্য গত ৫/৫/২১ তারিখে দাখিলকৃত দরপত্র যাচাই বাছাই অন্তে দাখিলকৃত তিনটি দরপত্রের মধ্যে জনাব মোঃ আব্দুর জব্বার সরদার, তালা বাজার, তালা, সাতক্ষীরা সর্বনিম্ন ১০,০০,০০০ টাকার দর দাখিল করায় কমিটি তার অনুকূলে কার্যাদেশ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে প্রকল্পের নির্মাণ কাজ তদারকির জন্য একটি কারিগরি কমিটি গঠনের সিদ্ধান্ত হয়। উক্ত কমিটির সদস্যবৃন্দ হলেন: উপজেলা প্রকৌশলী এলজিইডি, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং উপসহকারী প্রকৌশলী এলজিইডি। দায়িত্বপ্রাপ্ত কমিটি প্রকল্প বাস্তবায়নের কারিগরি দিকগুলি খতিয়ে দেখবেন এবং অনুমোদিত ডিজাইন মোতাবেক প্রকল্পের কাজ শতভাগ সম্পন্নের বিষয়টি নিশ্চিত করবেন। উপজেলা সমন্বয়কারী উক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মর্তাগনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

এ ছাড়া উপজেলা সমন্বয়কারী তার অফিস ভবনের মেঝে নষ্ট হওয়ায় উপজেলা উন্নয়ন খাত হতে মেরামতের আবেদন করেন। এ বিষয়ে আগামী জুলাই মাসে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে উপজেলা চেয়ারমেন মতামত ব্যক্ত করেন।

(ছ) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কাজ ভালভাবে চলছে তবে করোনার কারণে ঋণ আদায় কিছুটা বিলম্বিত হচ্ছে। এছাড়া তার দপ্তরের নির্ধারিত ট্রেইনিং গুলি জুন মাসের মধ্যে অবশ্যই সমাপ্ত করা হবে মর্মে সভাকে অবহিত করেন।

(জ) উপজেলা সমবায় বিভাগ :

উপজেলা সমবায় কর্মকর্তা বলেন যে, কোভিড-১৯ এর কারণে তার অফিস কর্তৃক প্রদেয় ঋণ আদায় বিলম্বিত হচ্ছে। লাল নোটিস দেয়ার পরেও টাকা আদায় হচ্ছে না। তিনি এ বিষয়ে প্রশাসনের সহযোগিতা কামনা করেন। বিষয়ে সভায় আলোচনা হয়। এবং লাল নোটিস দেয়ার পরে টাকা আদায় না হলে সার্টিফিকেট মামলার মাধ্যমে টাকা আদায় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

(ঝ) যুব উন্নয়ন বিভাগ :

উপজেলা যুব উন্নয়ন অফিসার সকলের অবগতির জন্য সভায় বলেন যে, তিনি খেশরা ইউনিয়নের ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব পালন করছেন। এলাকা ভিজিট করছেন। দোকান-পাট, হাট-বাজারে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য পরামর্শ প্রদান করেছেন। তার অফিসের মাধ্যমে ইতোমধ্যে ১৬টি ব্যাচের প্রশিক্ষণ শেষ হয়েছে। তার ফলে ৩৭৫ জনের প্রশিক্ষিত যুব হিসেবে গড়ে তোলা সম্ভব হয়েছে। ৩৬২৪ জনের অনুকূলে ৪১,৩৯,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। এ ছাড়া একনজরে তার দাপ্তরিক কাজের পরিসংখ্যান তুলে ধরেন, যা নিম্নরুপ :

| ক্রঃ | বিবরণ | | টাকা / পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | মোট ঋণ তহবিল | | ২৫,৩৮,৮০০/- | |
| ০২. | ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ | | ৪,২৮,৪৪,০০০/- | |
| ০৩. | চলতি অর্থ বছরে ঋণ বিতরণ | | ৪,১৩,০০০/- | |
| ০৪. | চলতি মাসে আদায়যোগ্য টাকার পরিমান | | ৩৩৩৯০০/- | |
| ০৫. | চলতি মাসে আদায়কৃত টাকার পরিমান | | ২৫৭৭৪০/- | |
| ০৬. | চলতি মাসে আদায়ের হার | | ৯২% | |
| ০৭. | চলতি মাসে ক্রমপুঞ্জিত আদায়যোগ্য | | ৩,৮১,৮৬৯০০/- | |
| ০৮. | চলতি মাসে ক্রমপুঞ্জিত আদায়কৃত | | ৩,৬২০১৯৪০/- | |
| ০৯. | ক্রমপুঞ্জিত আদায়ের হার | | ৯৫% | |
| ১০. | চলতি মাস পর্যন্ত মেয়াদ উত্তীর্ন খেলাপী টাকার পরিমান | | ৮৯৪৯২০/- | |
| ১১. | চলতি মাস পর্যন্ত কিস্তি খেলাপী টাকার পরিমান | | ১০৯০০৪০/- | |
| ১২. | ২০২০-২১ অর্থ বছরের প্রশিক্ষণ (জোরদার করন) | | ০০ জন | |
| ১৩. | ২০২০-২১ অর্থ বছরের প্রশিক্ষণ (রাজস্ব) | | ৩৭৫ জন | |
| ১৪. | ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ দেয়া হয়েছে ( জোরদার১৯৭২+রাজস্ব ৬৩৪৭) | | ৮৬৬৯ জন | |
| ১৫. | চলতি অর্থ বছরে আত্মকর্মী | | ৬৩ জন | |
| ১৬. | ক্রমপুঞ্জিত আত্মকর্মী করা হয়েছে | | ৩৬২৪ জন | |
| ১৭. | ঋণী সংখ্যা | রাজস্ব= | ১৮৩৬ জন | |
| | | জোরদার করন প্রকল্পে= | ০৮ জন | |
| | | পরিবার= | ১৯০ জন | |

এ ছাড়া তার বিভাগের কাজ স্বাভাবিক গতিতে চলছে।

০৪।

চেয়ারম্যান, জালালপুর ইউনিয়ন পরিষদ বলেন যে, কানাইদিয়া স্লুইজ গেটের বাঁধ ভেঙে যাওয়ার কারনে এলাকায় লোনা পানি ঢুকে ফসলের ক্ষতি হয়েছে। বাঁধ আপাতত: মেরামত করা হয়েছে। উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ করেন। ইজিপিপি কর্মসূচির শ্রমিক দ্বারা বাঁধ মেরামত করা যেতে পারে মর্মে তিনি পরামর্শ দেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। কানাইদিয়া স্লুইজ গেট সংলগ্ন বাঁধ মেরামতের জন্য ইতিমধ্যে পানি উন্নয়ন বোর্ডের সাথে যোগাযোগ করা হয়েছে । এ ছাড়া সামাজিকভাবে বাঁধ সংস্কারের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে মর্মে উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন।

০৫। বিবিধ :

(ক) বিষয় : তালা উপজেলা পরিষদের জীপগাড়ির ডেন্টিং এবং পেন্টিং ও এসি মেরামত

আলোচনা ও সিদ্ধান্ত : জনাব এইচ এম শামীম, গাড়িচালক, উপজেলা পরিষদ, তালা, সাতক্ষীরা কর্তৃক তালা উপজেলা পরিষদের জীপগাড়ির ডেন্টিং এবং পেন্টিং ও এসি মেরামত করার জন্য আবেদন দাখিল করেছেন। আবেদনটি সভায় আলোচনা করা হয় এবং সরকারি নীতিমালা অনুযায়ী উপজেলা রাজস্ব তহবিল হতে গাড়িটির ডেন্টিং এবং পেন্টিং ও এসি মেরামত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়ন : চেয়ারম্যান, উপজেলা পরিষদ,তালা, সাতক্ষীরা

(খ) উপজেলা হাট-বাজারের ইজারা অর্থ বিভাজন

উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা সভায় জানান যে, বাংলা ১৪২৮ সালে উপজেলায় ৪৪ টি হাট-বাজারের মধ্যে ২৬টি হাট-বাজার ইজারা প্রদান করা সম্ভব হয়েছে। মোট প্রাপ্ত ইজারামূল্য=৫২,০৮,৫৮২/-টাকা । উক্ত টাকা হাট-বাজার ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী বিভাজন করা হয়েছে। যা পরিশিষ্ট- "ক"-তে দেখানো হয়েছে। উল্লেখ্য, অবশিষ্ট হাট-বাজারগুলি প্রায় অবলুপ্ত । ২/১টি কোনোমতে চলে। কিন্তু করোনার কারণে চলতিবছরে ইজারা প্রদান করা সম্ভব হয়নি।

০৬। সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, জন্ম নিবন্ধনের ক্ষেত্রে সেবা প্রত্যাশীদের হয়রানি রোধো উদ্যোক্তাদের আরও যত্নবান হতে হবে। ফি-র তালিকা প্রকাশ্য স্থানে টাঙিয়ে রাখার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। তিনি সভাকে অবহিত করেন যে, করোনাভাইরাসের কারণে ক্ষতিগ্রস্থদের মাঝে ত্রাণ বিতরণ করা হবে। এ লক্ষে ট্যাগ অফিসার ও ইউ পি সচিবগনকে যথাযথভাবে কাজ করার পরামর্শ প্রদান করেন। প্রকৃত ক্ষতিগ্রস্থ ব্যক্তি যাতে সহায়তা পান, সেটি নিশ্চিত করার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। উপজেলা চেয়ারম্যান মহোদয়ের গাড়ি এবং উপজেলা নির্বাহী অফিসারের গাড়ি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি আরো বলেন যে, ভার্চুয়াল সভায় অনেক কর্মকর্তা তাঁদের আইডিতে নাম ও পদবী ব্যবহার না করার কারণে চিহ্নিত করা কঠিন। সে কারণে আগামী জুম সভাতে প্রত্যেক কর্মকর্তাকে তাঁদের আইডিতে নাম পদবী ব্যবহারের পরামর্শ প্রদান করা হয়। তিনি তালা উপজেলার উন্নয়নের তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

এ ছাড়া ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সদস্যদের ঘর, শিক্ষাবৃত্তি, সাইকেল ও শিক্ষা উপকরণ প্রদানের জন্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটি ও সে আলোকে ৩টি উপ-কমিটি গঠন করা হয়। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সদস্যদের বসবাসের জন্য ৫টি ঘর, তাদের ছেলেমেয়েদের লেখাপড়ার সুবিধার জন্য ১০ খানা বাইসাইকেল, ১ লক্ষ টাকার শিক্ষা উপকরণ এবং ১ লক্ষ টাকা শিক্ষাবৃত্তি প্রদানের জন্য বরাদ্দ পাওয়া গেছে। বিধি মোতাবেক সেগুলি বিতরণ করা হবে। টিআর কাবিখার কাজ যথাযথভাবে পরিদর্শনপূর্বক বিল প্রদান করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন।

০৭। জনাব ঘোষ সনৎ কুমার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা মাসিক সভা তার সমাপনী বক্তব্যে বলেন, কালভার্টের কাজ/ ঘেরের রিং বাঁধ/ ড্রেনের কাজ/ হাসপাতালের সামনের ড্রেনের কাজ/ বাথরুম নির্মানের স্থান নির্বাচন/ সমাজসেবার টাকা নগদে বিতরণ/ ফুলবাড়িয়া স্কুলের ভবন নির্মান/ অফিস পুনর্বাসন/ এলজিইডি-র কাজ দ্রুত সম্পন্ন করা হবে। সভায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তার সভায় উপস্থিত না থাকার বিষয়টি অত্যন্ত দুঃখজনক।

পরিষদ ভবন নিলামের কাজটি দ্রত করার জন্য এবং এখানে থাকা সরকারি অফিসসমূহ স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। নীতিমালা অনুসরণপূর্বক গাড়ি মেরামতের বিষয়টি নিশ্চিত করা হবে। চলমান কোভিড-১৯ এর কারণে সরকার প্রেরিত ত্রাণ সহায়তা প্রদানের জন্য সঠিকভাবে তালিকা তৈরীর জন্য তিনি সংশ্লিষ্টদের অনুরোধ করেন। একই পরিবার যেন কোনভাবেই একাধিক সুবিধার আওতায় না আসে সে বিষয়টি নিশ্চিত করার জন্য তিনি সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান করেন। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখার জন্য অনুরোধ করেন। তিনি আরও বলেন, উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত সকল বিভাগের উন্নয়ন কাজ সম্পর্কে সভাপতিকে অবহিত রাখতে হবে। এ ছাড়া উপজেলা পরিষদের অন্যান্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জেনে তিনি সন্তোষ প্রকাশ করেন। পরিশেষে সকলকে সময়মত সভায় আসার জন্য তিনি অনুরোধ করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ঘোষ সনৎ কুমার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
তালা, সাতক্ষীরা

স্মারক নম্বর :০৫.৪৪.৮৭৯০.০০০.০০৬.০০১.২০২১-  তারিখ : ৩০.০৫.২০২১

অনুলিপি  সদয় অবগতির জন্য প্রেরণ করা হল :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। এড. মুস্তফা লুৎফুল্লাহ, মাননীয় সংসদ সদস্য, ১০৫-সাতক্ষীরা-১ নির্বাচনী এলাকা (তালা- কলারোয়া)

৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৪। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৫। বিভাগীয় কমিশনার, খুলনা

৬। জেলা প্রশাসক, সাতক্ষীরা

৭-৫০। জনাব----------------------------------------------তালা, সাতক্ষীরা

মোঃ তারিফ-উল-হাসান
উপজেলা নির্বাহী অফিসার
তালা, সাতক্ষীরা